

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান”-শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স চালুর লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদের জন্য জনবল নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	মাসিক সম্মানী	পদের সংখ্যা	বয়স	নিয়োগবিধি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫	৬
০১।	ড্রাইভিং ইন্সট্রাক্টর (ব্যবহারিক)	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা (সাকুল্যে) তৎসহ প্রকল্পের আওতায় সংস্থানকৃত অন্যান্য আর্থিক সুবিধাদি।	১০৬	ক) অনূর্ধ্ব ৩০ বছর। খ) অধিক অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য	মাসিক সম্মানীতে প্রকল্প মেয়াদের জন্য অস্থায়ীভিত্তিতে পেস্ট ট্রেইনার হিসেবে নিয়োগ প্রদান করা হবে। <b>যোগ্যতাঃ</b> ক) ন্যূনতম এস,এস,সি পাশ। খ) বিআরটিএ'র ইন্সট্রাক্টর লাইসেন্সধারী হতে হবে। গ) অনুমোদিত ড্রাইভিং প্রশিক্ষণ ইন্সটিটিউটে প্রশিক্ষক হিসেবে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০২।	ড্রাইভিং ইন্সট্রাক্টর (তাত্ত্বিক)	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা (সাকুল্যে) তৎসহ প্রকল্পের আওতায় সংস্থানকৃত অন্যান্য আর্থিক সুবিধাদি।	৩৬	অনূর্ধ্ব ৩০ বছর	মাসিক সম্মানীতে প্রকল্প মেয়াদের জন্য অস্থায়ীভিত্তিতে পেস্ট ট্রেইনার হিসেবে নিয়োগ প্রদান করা হবে। <b>যোগ্যতাঃ</b> ক) ডিপ্লোমা ইন অটোমোবাইল/ মেকানিক্যাল পাস। খ) অনুমোদিত ড্রাইভিং প্রশিক্ষণ ইন্সটিটিউটে প্রশিক্ষক হিসেবে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ) বিআরটিএ'র ইন্সট্রাক্টর লাইসেন্সধারীকে অগ্রাধিকার দেয়া হবে।

### আবেদনপত্র প্রেরণের নিয়মাবলী/শর্তসমূহঃ

- সাদা কাগজে (কম্পিউটার টাইপকৃত) ক) প্রার্থীর নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) জন্ম তারিখ, ঙ) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স, চ) বর্তমান ঠিকানা (মোবাইল ও ই-মেইলসহ), ছ) স্থায়ী ঠিকানা, জ) নিজ জেলা, ঝ) জাতীয়তা, ঞ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক আগামী ২০/১০/২০২১ তারিখ বিকাল ৫:০০ টার পূর্বে প্রকল্প পরিচালক, “দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান” শীর্ষক প্রকল্প, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ (৮ম তলা), কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর আবেদনপত্রের উক্ত ঠিকানায় ডাকযোগে/ব্যক্তিগতভাবে পৌঁছাতে হবে। বিলম্বে পাঠ্য আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (ক) সকল যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্র, (খ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, (গ) জাতীয় পরিচয়পত্র/ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদপত্র/জন্মনিবন্ধন/পাসপোর্টের কপি সংযুক্ত করতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্রের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় বিষয়ক সনদ পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মূল আবেদন পত্র নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষা এবং সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পত্র/ই-মেইল/ মোবাইলের মাধ্যমে জানানো হবে।
- ক্রটি পূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য করা হবে। এজন্য কোন কারণ/ব্যাখ্যা প্রদান করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।
- নিয়োগ প্রাপ্তদের যোগদানের পূর্বে নির্ধারিত ছকে চুক্তি পত্রে স্বাক্ষর করতে হবে। চুক্তির মেয়াদ শেষে চুক্তিপত্র অব্যাহতিপত্র হিসাবে গণ্য করা হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করতে অথবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
- বিজ্ঞপ্তিতে বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে শুধুমাত্র প্রকল্পের মেয়াদের জন্য নিয়োগ করা হবে। প্রকল্পের মেয়াদ শেষে সংশ্লিষ্ট কর্মচারীর পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং চাকরির অবসান হবে। এ জন্য আলাদাভাবে চাকরিচ্যুতির কোন নোটিশ বা পত্র দেয়া হবে না।
- কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধিমালা অনুসরণ করা হবে;
- সর্বক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং যথাযথ কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন প্রকার কারণ দর্শাতে বাধ্য থাকবে না।